কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা

নং ১২.০৩২.০৪০.০৭.০০.০১১.২০১১/৩৪ তারিখঃ ০২ মে, ২০১১ খ্রিঃ

**বিষয়ঃ "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯" এর ৫.৪ নং অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে**

"সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি"র ১৭তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সার ডিলারশীপ মালিকানা হস্তান্তর বিষয়ে "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯" এর ৫.৪ নং অনুচ্ছেদ আদিষ্ট হয়ে নিম্নলিখিত ভাবে সংশোধন করা হলো ঃ

**অনুচ্ছেদ নং ৫.৪ ডিলারশীপ হস্তান্তর প্রক্রিয়া ঃ**

নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে ডিলারশীপ হস্তান্তরের আবেদন বিবেচনা করা যাবেঃ

৫.৪.১ ডিলারের মৃত্যুজনিত কারণে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত ওয়ারিশ সনদের ভিত্তিতে ডিলারের একজন বৈধ ওয়ারিশের নামে ডিলারশীপ হস্তান্তর করা যাবে। এক্ষেত্রে, একাধিক বৈধ ওয়ারিশ থাকলে অন্যান্য ওয়ারিশগণের না দাবী/ অনাপত্তি পত্র দাখিল করতে হবে;

৫.৪.২ মৃত্যু ব্যতিত ডিলার গুরুতর অসুস্থ, শারীরিকভাবে অক্ষম বা চলৎশক্তিহীন হয়ে পড়লেও ডিলারশীপ হস্তান্তরের আবেদন বিবেচনা করা যাবে। এক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী পূরণ ও কাগজপত্র দাখিল করতে হবে ঃ

(ক) এ ধরণের হস্তান্তর কেবলমাত্র ডিলারের পরিবারের সদস্যদের (স্বামী বা স্ত্রী/প্রাপ্তবয়স্ক ছেলে বা মেয়ে) মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে স্বামী/স্ত্রী অগ্রাধিকার পাবে;

(খ) গুরুতর অসুস্থ /শারীরিকভাবে অক্ষম/চলৎশক্তিহীন হওয়ার সপক্ষে জেলার সিভিল সার্জন বা মেডিক্যাল বোর্ডের মূল সনদ সংযুক্ত থাকতে হবে;

(গ) ডিলারশীপ হস্তান্তরের জন্য মনোনীত ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে;

(ঘ) ডিলার গুরুতর অসুস্থ/শারীরিকভাবে অক্ষম/চলৎশক্তিহীন হলে তাঁর মনোনীত ব্যক্তির নামে ডিলারশীপ হস্তান্তরের আবেদনের সাথে ডিলারের সাথে সম্পর্কের (স্বামী বা স্ত্রী, ছেলে বা মেয়ে) সপক্ষে প্রমান হিসেবে জন্ম নিবন্ধন সনদ বা এসএসসি/সমমানের পরীক্ষার সনদের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে। ডিলারের স্বামী বা স্ত্রী ও একাধিক সন্তান থাকলে পরিবারের একজনের নামে ডিলারশীপ হস্তান্তরের আবেদনের সাথে স্বামী/স্ত্রী ও অন্যান্য সন্তানের অনাপত্তি এফিডেভিড মূলে দাখিল করতে হবে;

(ঙ) মনোনীত ব্যক্তির নিকট ডিলারশীপ হস্তান্তর করা হলে সাধারণভাবে তা অপরিবর্তনীয় হবে;

(চ) ডিলারশীপ হস্তান্তর প্রস্তাব অনুমোদিত হলে মূল ডিলার কর্তৃক জমাকৃত জামানতের অর্থ বহাল থাকবে তবে নতুন ব্যক্তির সাথে প্রচলিত বিধি অনুযায়ী পুনরায় চুক্তি সম্পাদন করতে হবে;

(ছ) সংশ্লিষ্ট উপজেলা ও জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশের ভিত্তিতে বিসিআইসি ডিলারশীপ হস্তান্তরের প্রস্তাব অনুমোদন করবে।

বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

২।০৫।১১
(শাহনাজ আক্তার)
গবেষণা অফিসার
ফোন-৯৫৬২৩৬৯

বিতরণঃ

ঃ জেলা প্রশাসক ও সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল)
(সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান,পৌরসভার মেয়র ও কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

ঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল)

অনুলিপিঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

ঃ সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা

ঃ চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, মতিঝিল, ঢাকা (বিগত ১৪/০২/২০১১ তারিখের বিসিআইসি/বিপণন /ডিসি/সার-১৪৮(সাতক্ষীরা)/৫৫ স্মারকে চাহিত মতামতের প্রেক্ষিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

ঃ মহাপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা

ঃ বিভাগীয় কমিশনার, (সকল)-------------------

ঃ অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল)----------------

ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা

ঃ সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা

নং কৃষি/এইআর ঃ ৫নিসী/০৯/১৬৩ তারিখঃ ১৫ ফেব্রুয়ারী, ২০১০ খ্রিঃ

বিষয়ঃ উপজেলা কৃষি অফিসারগণকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার সরবরাহ পরিস্থিতি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য প্রদানের মাধ্যমে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে উপজেলা কৃষি অফিসারগণকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো।

এমতাবস্থায়, জেলাধীন সকল উপজেলা কৃষি অফিসারগণকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-০২-২০১০

(মোঃ মোশাররফ হোসেন উপ সচিব)
উপ-প্রধান
ফোন-৭১৬৪২৩২

বিতরণঃ

ঃ জেলা প্রশাসক (সকল) ------------------
(জেলাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
ঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল)---------------
(জেলাধীন সকল উপজেলা কৃষি অফিসারগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

অনুলিপিঃ

ঃ সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
ঃ চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, মতিঝিল, ঢাকা
ঃ চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা, ঢাকা
ঃ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট , ঢাকা
ঃ বিভাগীয় কমিশনার (সকল)------------------
ঃ অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল)---------------
ঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়
ঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা

নং কৃষি/এইআরঃ ৫৯৯/২০০৯/১০২ | তারিখঃ ৩১ জানুয়ারী ২০১০

বিষয়ঃ সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর সংযোজনী প্রসঙ্গে

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ বাস্তবায়নকালে মাঠ পর্যায়ের অভিজ্ঞতার আলোকে সংশ্লিষ্টরা বিভিন্ন রকম পরামর্শ ও সুপারিশ প্রদান করেন। এ আলোকে নীতিমালায় নিম্নবর্ণিত অনুচ্ছেদসমূহ আদিষ্ট হয়ে সংযোজন করা হলো ঃ

| ক্রমিক নং | অনুচ্ছেদ নং | বর্তমান ভাষ্য | সংশোধিত ভাষ্য |
|---|---|---|---|
| ১ | নীতিমালার ৭ নং অনুচ্ছেদের 'জেলা সার ও বীজ মনিটরিং কমিটির কার্যপরিধি'র ২ নং ক্রমিকে | "প্রতিটি উপজেলার জন্য সারের সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য নির্ধারণ করা।" | প্রতিটি উপজেলার জন্য সারের সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য নির্ধারণ করা। এছাড়াও ডিলারের নিকট থেকে খুচরা বিক্রেতার ক্রয় মূল্য নির্ধারণ করা। |
| ২ | নীতিমালার ৮ নং অনুচ্ছেদের 'উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির কার্যপরিধি'র ৬ নং ক্রমিকে | "খুচরা সার বিক্রেতা বাছাই কমিটির সুপারিশকৃত আবেদনকারীদের অনুকুলে আইডি কার্ড প্রদানের ব্যবস্থা করা (আইডি কার্ডের নমুনা পরিশিষ্ট-খ)।" | খুচরা সার বিক্রেতা বাছাই কমিটির সুপারিশকৃত আবেদনকারীদের অনুকুলে আইডি কার্ড প্রদানের ব্যবস্থা করা (আইডি কার্ডের নমুনা পরিশিষ্ট-খ)। খুচরা বিক্রেতার নিকট হতে জামানত হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি গ্রহণ করবে এবং একটি চুক্তি সম্পাদন করবে। |
| ৩ | ১০.৮ নং অনুচ্ছেদ | (নতুন সংযোজন) | জামানত হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) গ্রহণ ও চুক্তি সম্পাদন কার্যকর করার জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি তফসিলী ব্যাংকে "উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি জামানত তহবিল" শীর্ষক একটি হিসাব খুলতে হবে। উক্ত হিসাবটি কমিটির সভাপতি ও সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। জামানতের টাকা পে অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে গ্রহণ করতে হবে। |
| ৪ | ১১.৭ | (নতুন সংযোজন) | কর্তৃপক্ষের পুর্বানুমতি ব্যতিরেকে ডিলারদের পাশাপাশি খুচরা সার বিক্রেতা পর পর দুইবার বা বছরে তিনবার ডিলারের নিকট থেকে সার ক্রয়ে বিরত থাকলে তাঁর কার্ড বাতিল [illegible] বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে। |
| ৫ | ১১.৮ | (নতুন সংযোজন) | প্রতিটি ইউনিয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ডিলারদের অনুকূলে বরাদ্দ/উপ-বরাদ্দের সাধারণভাবে ৫০% সংশ্লিষ্ট ইউনিয়নের খুচরা বিক্রেতাদের নিকট বিক্রয়ের জন্য বাধ্য থাকবেন। তবে, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সংশ্লিষ্ট ইউনিয়নের আবাদি জমির পরিমাণ, চাহিদা ইত্যাদি বিবেচনায় বাস্তবতার নিরিখে ডিলার কর্তৃক খুচরা বিক্রেতার নিকট সার বিক্রয়ের হার/পরিমাণ পুনঃনির্ধারণ করে দিতে পারবে। |
| ৬ | ১১.৯ | (নতুন সংযোজন) | খুচরা বিক্রেতা সংশ্লিষ্ট ইউনিয়নের বাহিরে সার বিক্রয় করতে পারবে না। |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

২। এছাড়াও বর্ণিত ১ নং ক্রমিকে নতুন সংযোজিত অনুচ্ছেদ বাস্তবায়নের ক্ষেত্রে "জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ডিলার ও খুচরা বিক্রেতা কর্তৃক একই স্থানে কৃষক পর্যায়ে একই সর্বোচ্চ বিক্রয় মূল্য নির্ধারণ করবে। সেক্ষেত্রে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি খুচরা বিক্রেতার পরিবহণ ও আনুসাঙ্গিক খরচ এবং মুনাফা বিবেচনা করে ডিলারের নিকট থেকে খুচরা বিক্রেতার ক্রয়মূল্য নির্ধারণ করবে এবং নির্ধারিত এ ক্রয়মূল্য ডিলার কর্তৃক কৃষক পর্যায়ে বিক্রয়মূল্যের চেয়ে কিছুটা কম হবে।"

৩। বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ খুচরা সার বিক্রেতার চুক্তিনামার কপি ( দুই পাতা)

১৩.০৩.২০১০

(মোঃ মোশাররফ হোসেন, উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

বিতরণ ঃ

(১) জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), ...........................................
(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

(২) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ
ও
সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), ..............................................

অনুলিপিঃ

(১) মাননীয় সংসদ সদস্য (সকল), ........................., জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(২) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
(৩) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা
(৪) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(৫) বিভাগীয় কমিশনার (সকল), ...............................................
(৬) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল), ..............................................
(৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
(৯) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৮১৬ তারিখঃ ০১ অক্টোবর ২০০৯

বিষয়ঃ সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ বাস্তবায়ন প্রসঙ্গে

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর বাস্তবায়ন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ ও স্পষ্টীকরণ করা হলো-

১। সাধারণভাবে প্রতি ইউনিয়নে ১জন ডিলার নিয়োজিত থাকবে। পুরাতন ডিলারদের (জেলার বাসিন্দা হতে হবে) ইউনিয়নে সমন্বয়ের পরও যদি কোন ইউনিয়ন শূন্য থাকে শুধুমাত্র সেক্ষেত্রে নতুন ডিলার নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে (নীতিমালার অনুচ্ছেদ ১৫.২.৯)। নতুন নিয়োগের ক্ষেত্রে শূন্য ইউনিয়নের বিপরীতে শুধুমাত্র ১জন করে ডিলার নিয়োগ করা যাবে।

২। 'নীতিমালা'র অনুচ্ছেদ ১০.২ তে "আইডি কার্ড সংগ্রহের জন্য বিক্রয় কেন্দ্রের অবস্থান ও প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক" আবেদন করার উল্লেখ আছে। বিভিন্ন সূত্র হতে প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, কোথাও কোথাও যে সকল আবেদনকারীর বিক্রয়ের জন্য বিদ্যমান দোকান নাই তাদেরকেও খুচরা সার বিক্রেতা হিসেবে প্রাথমিক বাছাইয়ে অন্তর্ভূক্ত রাখা হয়েছে। খুচরা সার বিক্রেতা হতে ইচ্ছুক আবেদনকারীর নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে। বিষয়টি উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিশ্চিত করবে।

৩। প্রতি ইউনিয়নে খুচরা সার বিক্রেতার (retailer) সংখ্যা প্রয়োজন অনুসারে ৫ (পাঁচ) থেকে ৯ (নয়) জনের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৪। কক্সবাজারসহ সমুদ্র উপকূলবর্তী এলাকা ও সীমান্তবর্তী এলাকায় সার পাচারের সম্ভাবনা বিদ্যমান থাকায় খুচরা সার বিক্রেতা (retailer) বাছাই, নিয়োগ বা অনুমোদনের সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

৫। এক উপজেলার জন্য বরাদ্দকৃত সার অন্য উপজেলায় স্থানান্তর না করা সংক্রান্ত নীতিমালা ১১.৬ অনুচ্ছেদটি গুরুত্বের সাথে প্রতিপালন করতে হবে।

৬। যেহেতু সার উৎপাদনে দেশের মূল্যবান প্রাকৃতিক গ্যাস ও আমদানীতে মূল্যবান বৈদেশিক মুদ্রা ব্যয় হয় এবং সরকারী কোষাগার হতে বিপুল পরিমাণ অর্থ সারে ভর্তুকি প্রদান করা হয়, সেহেতু সার বিতরণ ব্যবস্থায় সরকারী তদারকী অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্যগণ ও নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে কৃষকদের স্বার্থ ও কৃষি উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করার লক্ষ্যে আন্তরিকতা ও দক্ষতার সাথে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালন ও সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

এই নীতিমালার সুষ্ঠু বাস্তবায়নের জন্য আদিষ্ট হয়ে খুচরা বিক্রেতা (retailer) বাছাই প্রক্রিয়ার সময়সীমা ১৫ অক্টোবর ২০০৯ পর্যন্ত বর্ধিত করা হলো এবং বর্ণিত বিষয়াদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ সংক্রান্ত কোনও বিষয়ে স্পষ্টীকরণের জন্য ফোন নং ৯৫৭০০৪৩ বা ৭১৬৪২৩২ তে যোগাযোগ করা যাবে।

০১/১০/২০০৯

(ছিদ্দিকুর রহমান উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

বিতরণ ঃ

(১) জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), .......................................
(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

(২) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ
ও
সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), ............. ..................

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৮১৬ (৩৭০) তারিখঃ ০১ অক্টোবর ২০০৯

অনুলিপিঃ

(১) মাননীয় সংসদ সদস্য (সকল), ........................, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(২) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
(৩) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা
(৪) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(৫) বিভাগীয় কমিশনার (সকল), ................... ................... ..................
(৬) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল), ..................................
(৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
(৯) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১০) জাতীয় তথ্য ব্যবস্থাপনা পরামর্শক, আইএসইউ প্রকল্প, কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

(ছিদ্দিকুর রহমান উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

**জরুরী**
**ফ্যাক্স মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৭৯৫ — তারিখঃ ২৩ সেপ্টেম্বর ২০০৯

**বিষয়ঃ খুচরা সার বিক্রেতার সংখ্যা নির্ধারণ**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর ১০.৫ নং অনুচ্ছেদের ২ নং ক্রমিকে 'প্রয়োজনীয় সংখ্যক' খুচরা সার বিক্রেতা নির্বাচনের কথা উল্লেখ আছে, তবে কেন্দ্রীয়ভাবে কোন সংখ্যা নির্ধারণ করে দেয়া হয় নি। বিভিন্ন জেলা/উপজেলা হতে ইউনিয়ন প্রতি খুচরা সার বিক্রেতার সংখ্যা নির্ধারণের জন্য মন্ত্রণালয়ের পরামর্শ চাওয়া হয়। এ ছাড়া শিল্প মন্ত্রণালয় খুচরা সার বিক্রেতাদের জন্য কেন্দ্রীয়ভাবে কার্ড মুদ্রণের দায়িত্ব পালন করে বিধায় খুচরা বিক্রেতার সংখ্যা কেন্দ্রীয়ভাবে নির্ধারণ প্রয়োজন হয়ে পড়েছে।

এমতাবস্থায়, প্রতি ইউনিয়নের ওয়ার্ড/বড় বাজারের অবস্থানের ভিত্তিতে প্রয়োজনীয়তা অনুযায়ী ৫ (পাঁচ) থেকে ৯ (নয়) জন খুচরা সার বিক্রেতা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩.০৯.২০০৯
(মোঃ মোশাররফ হোসেন উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(১) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা।
(২) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(৩) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), .................
(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
(৪) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), .......................
(সকল উপজেলা কৃষি অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
(৫) চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আলরাজি কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, পুরানা পল্টন, ঢাকা।
(৬) জাতীয় তথ্য ব্যবস্থাপনা পরামর্শক, আইএসইউ প্রকল্প, কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

**অনুলিপি** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(১) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
(২) বিভাগীয় কমিশনার (সকল), ...............................
(৩) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল), ...................................
(৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
(৬) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(৮) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৭৭৫ — তারিখঃ ১৪ সেপ্টেম্বর ২০০৯

বিষয়ঃ সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা - ২০০৯ এর ব্যাখ্যা/সংযোজনী/সংশোধনী

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ বিগত ২/০৮/২০০৯ তারিখে জারী হয়। নীতিমালাটি আগামী ১ অক্টোবর'০৯ থেকে কার্যকর হবে। বিভিন্ন জেলা ও উপজেলা থেকে নীতিমালাটি সম্পর্কে কতিপয় জিজ্ঞাসা/পরামর্শ টেলিফোনে পাওয়া যায়। প্রাপ্ত জিজ্ঞাসা/পরামর্শের বিপরীতে ব্যাখ্যা/সংযোজনী/সংশোধনী নিম্নে আদিষ্ট হয়ে প্রদান করা হলোঃ-

| জিজ্ঞাসা/পরামর্শ | ব্যাখ্যা/ সংযোজনী /সংশোধনী |
|---|---|
| ১ | ২ |
| (১) পুরাতন ডিলারদের বাতিল করে প্রতি ইউনিয়নে নতুন ডিলার নিয়োগ করা যাবে কিনা। | ব্যাখ্যাঃ সাধারণভাবে ১টি ইউনিয়নে ১জন ডিলার নিয়োজিত থাকবে। প্রথমত, সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর আলোকে বিদ্যমান সার ডিলারদের ডিলারশীপ নবায়ন ও সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে (অনুচ্ছেদ ১৫.২) । পুরাতন ডিলারদের ইউনিয়নে সমন্বয়ে পরও যদি কোন ইউনিয়ন শূন্য থাকে সে ক্ষেত্রে নতুন ডিলার নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হবে (অনুচ্ছেদ ১৫.২.৯) এবং নতুন নিয়োগের ক্ষেত্রে শূন্য ইউনিয়নের বিপরীতে ১জন করে ডিলার নিয়োগ করা হবে। |
| (২) ডিলার কৃষকের নিকট খুচরা সার বিক্রয় করলে ডিলারে খুচরা সার বিক্রয়ের কার্ড গ্রহণ করতে হবে কিনা। | ব্যাখ্যাঃ ডিলারও কৃষকের নিকট খুচরা সার বিক্রয়ে বাধ্য থাকবে (অনুচ্ছেদ ১১.৪)। তবে এক্ষেত্রে ডিলারের জন্য খুচরা সার বিক্রয়ের কার্ড সংগ্রহের কোন প্রয়োজনীয়তা নেই। |
| (৩) অনুচ্ছেদ ১০.৩ এ আইডি কার্ডের জন্য নির্ধারিত ২০০ টাকা সরকারী কোষাগারে জমা প্রদানের কথা উল্লেখ আছে। কোন কোডে উক্ত টাকা জমা দেয়া হবে তা জানানো। | ব্যাখ্যাঃ আইডি কার্ডের জন্য নির্ধারিত ফি সরকারী কোষাগারে কৃষি মন্ত্রণালয়ের "বিবিধ রাজস্ব ও প্রাপ্তি" খাতে ১-৪৩০১-০০০১-২৬৮১ কোডে জমা প্রদান করতে হবে । খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি সুপারিশ ও উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনের পর শুধুমাত্র চূড়ান্তভাবে নির্বাচিত খুচরা বিক্রেতার থেকে প্রাপ্ত ফি সমূহ সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে। |
| (৪) নীতিমালার ১০.৫ অনুচ্ছেদে "খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি" ইউনিয়নভিত্তিক করা হয় এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে উক্ত কমিটির সভাপতি করা হয় এবং অন্যান্য সদস্যদের সাথে ইউপি সদস্যদের উক্ত কমিটির সদস্য করা হয়। কিন্তু পৌরসভার ক্ষেত্রে কমিটি কিভাবে গঠিত হবে তা নির্ধারণ করা। | সংযোজনীঃ পৌরসভার ক্ষেত্রে 'খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি'র গঠন সম্পর্কিত নির্দেশনা অন্তর্ভূক্ত করতে ১০.৭ অনুচ্ছেদটি নীতিমালায় নতুন সন্নিবেশিত হবে-<br>১০.৭ পৌরসভার ক্ষেত্রে **"খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি"** গঠণ নিম্নরূপ হবেঃ<br>১. সংশ্লিষ্ট পৌরসভার মেয়র - সভাপতি<br>২. সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলর ও সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলরগণ - সদস্য<br>৩. সংশ্লিষ্ট পৌরসভার ২ জন গণ্যমাণ্য ব্যক্তি - সদস্য<br>৪. সংশ্লিষ্ট পৌরসভার ১জন ইমাম - সদস্য<br>৫. সংশ্লিষ্ট পৌরসভার অবস্থিত সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক (যদি মাধ্যমিক বিদ্যালয় না থাকে সেক্ষেত্রে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক) - সদস্য<br>(৩-৫: উপজেলার মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত)<br>৬. একজন উপ-সহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি অফিসার কর্তৃক মনোনীত) - সদস্য<br>• পৌরসভার সচিব এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন।<br>• কমিটির কার্যপরিধি ইউনিয়নের 'খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি'র অনুরূপ হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| জিজ্ঞাসা/পরামর্শ | ব্যাখ্যা/ সংযোজনী /সংশোধনী |
|---|---|
| ১ | ২ |
| (৫) অনুচ্ছেদ ১১.৩ -"কৃষক ডিলার বা খুচরা বিক্রেতার নিকট থেকে সরাসরি যে কোন পরিমাণ সার ক্রয় করতে পারবে" উল্লেখ থাকায় পিক মৌসুমে সার ব্যবস্থাপনায় সমস্যা হতে পারে আশংকায় উক্ত অনুচ্ছেদে 'যে কোন পরিমাণ' এর স্থলে 'প্রয়োজনীয় পরিমাণ' উল্লেখ করা। | সংশোধনীঃ অনুচ্ছেদ ১১.৩ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে-<br>"কৃষক ডিলার বা খুচরা বিক্রেতার নিকট থেকে সরাসরি প্রয়োজনীয় পরিমাণ সার ক্রয় করতে পারবে" |

(স্বাক্ষরিত) ৪.০৭.২০০৮

(মোঃ মোশাররফ হোসেন উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(১) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
(২) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(৩) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা
(৪) চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
(৫) বিভাগীয় কমিশনার (সকল) , ..............................
(৬) মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল), ..................................
(৮) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), .................
(সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
(৯) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), ......................
(সকল উপজেলা কৃষি অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
(১০) চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আলরাজি কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, পুরানা পল্টন, ঢাকা।
(১১) জাতীয় তথ্য ব্যবস্থাপনা পরামর্শক, আইএসইউ প্রকল্প, কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(১) মাননীয় সংসদ সদস্য (সকল), ........................, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(২) সচিব, স্বরাষ্ট্র/মৎস্য ও পশু সম্পদ/অর্থ/শিক্ষা/প্রাথমিক ও গণশিক্ষা/ধর্ম/স্থানীয় সরকার/পল্লী উন্নয়ন ও সমবায়/বিজ্ঞান ও তথ্য যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা।
(৪) মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস্, পিলখানা, ঢাকা।
(৫) মহাপরিচালক, পশু সম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা
(৬) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
(৭) চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কাওরান বাজার, ঢাকা।
(৮) নিবন্ধক, সমবায় অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
(৯) পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
(১২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৩) মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(১৪) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।